

21 OCT 2016
১৪ ফার্ম 2

জেএসসি-জেডিসি পরীক্ষা শিক্ষা মন্ত্রণালয়ের অধীনেই

■ সমকাল প্রতিবেদক

আগস্টী ১ নভেম্বর থেকে শুরু হওয়া অষ্টম শ্রেণির 'জুনিয়র স্কুল সার্টিফিকেট' (জেএসসি) ও মাদুস্বা শিক্ষার্থীদের 'জুনিয়র দাখিল সার্টিফিকেট' (জেডিসি) পরীক্ষা আগের মতোই শিক্ষা মন্ত্রণালয়ের অধীনেই অনুষ্ঠিত হবে।

সরকারের আগের সিদ্ধান্ত অনুযায়ী, প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণি পর্যন্ত উন্নীত করায় এবার এ দুই পরীক্ষা প্রথমবারের মতো প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে হওয়ার কথা ছিল। এখন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বলছে, এ দুই পরীক্ষা শিক্ষা মন্ত্রণালয়ের অধীনেই হবে।

শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্টরা জানিয়েছেন, মাত্র কয়েকদিন আগে এ খবর জানানো হয়েছে। এরই মধ্যে শিক্ষা মন্ত্রণালয় পরীক্ষা নেওয়ার প্রস্তুতি শুরু করেছে। তবে আগে থেকে প্রস্তুতি না থাকায় এতে নানা ধরনের সমস্যা তৈরি হতে পারে বলে কর্মকর্তাদের অনেকের ধারণা।

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোতাফিজুর রহমান ফিজার গতকাল বৃহস্পতিবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে এক আধাসরকারি পত্রে (ডিও লেটার) তার মন্ত্রণালয়ের এ সিদ্ধান্তের কথা জানান। পত্রে তিনি বলেন, শিক্ষা মন্ত্রণালয় তাদের এ পরীক্ষাটি নিতে বলেছিল; কিন্তু যেহেতু মন্ত্রিসভা এ বিষয়ে তাদের কঢ়ুম দেয়ানি তাই শিক্ষা মন্ত্রণালয়কে বিষয়টি জানিয়ে দেওয়া হয়েছে। অর্থাৎ মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কোনো নতুন সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত এ পরীক্ষা পদ্ধতি আগের মতোই বহাল থাকবে।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিব বলেন, পরীক্ষার আগম্যতে এ সিদ্ধান্ত জানানো হলেও কোনো অসুবিধা হবে না। কারণ পরীক্ষাটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে হলেও সেটি নেওয়া হতো শিক্ষা বোর্ডগুলোর মাধ্যমেই। এখনও বোর্ডের মাধ্যমেই নেওয়া হবে। ফলে খুব সমস্যা হবে না।